

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৭৮৭

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে প্রশ্ন করার যে বিবরণ পেশ করলাম, সেটা কোথায় করা হয়েছিল, তার বিবরণ

ذِكْرُ الْمَوْضِعِ الَّذِي سُئِلَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيهِ عَمَّا وَصَفْنَا

আরবী

3787 - أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ إِسْمَاعِيلَ بِسُتَ قَالَ: حَدَّثَنَا سَعِيدُ بْنُ يَعْقُوبَ الطَّالْقَانِيُّ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ عَنْ إِبْرَاهِيمَ بْنِ عُقْبَةَ عَنْ كُرَيْبٍ عَنْ ابْنِ عَبَّاسٍ ، قَالَ: بَيْنَمَا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَمْشِي فِي بَطْنِ الرَّوْحَاءِ إِذْ أَقْبَلَ وَفَدُ فَقَالَ رَجُلٌ مِنْهُمْ: مَنْ أَنْتُمْ؟ فَقَالَ: نَحْنُ الْمُسْلِمُونَ ثُمَّ قَالَتْ امْرَأَةٌ: مَنْ أَنْتَ؟ قَالَ: (أَنَا رَسُولُ اللَّهِ) فَأَخْرَجَتْ صَبِيًّا فَقَالَتْ: يَا رَسُولَ اللَّهِ أَلْهَذَا حَجٌّ؟ فَقَالَ: (وَلَكِ أَجْرٌ) الراوي : ابن عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3787 | خلاصة حكم المحدث: صحيح - ((الإرواء)) (985) ، ((صحيح أبي داود)) (1525).

বাংলা

৩৭৮৭. ইবনু আব্বাস রাডিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের মাঝে বাতনে রাওহা নামক স্থানে হাঁটছিলেন, এমন সময় এক প্রতিনিধি দল আসে অতঃপর তাদের এক ব্যক্তি বলেন, “আপনারা কারা?” তিনি জবাবে বলেন, “আমরা মুসলিম।” তারপর এক মহিলা বলেন, “আপনি কে?” তিনি জবাবে বলেন, “আমি আল্লাহর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)।” অতঃপর সে এক শিশুকে নিয়ে এসে বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, এই শিশুর কি হজ হবে?” তিনি জবাবে বলেন, “(হ্যাঁ,) তবে সাওয়াব হবে তোমার।”[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৪২২; মুসনাদ ইমাম শাফেঈ: ১/২৮৩; তাহাবী: ২/২৫৬; সুনান বাইহাকী: ৫/১৫৫; বাগাবী: ১৮৫৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৫২৫)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93126>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন